

💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২০১. ভয় করো না তুমিই বিজয়ী হবে

"ভয় করো না, নিশ্চয় তুমি বিজয়ী হবে।" (২০-সূরা ত্বাহাঃ আয়াত-৬৮)

নবী মূসা (আঃ) তিনবার সমস্যায় পড়েছিলেন-

১. যখন তিনি দুষ্ট ও দুর্বত্ত ফেরাউনের দরবারে প্রবেশ করেছিলেনঃ "হে আমাদের প্রভু! নিশ্চয় আমরা ভয় করি পাছে সে (ফেরাউন) উত্তেজিত হয়ে আমাদেরকে কষ্ট দেয় বা সীমালজ্যন (জুলুম) করে।" (২০-সূরা ত্বাহাঃ আয়াত-৪৫)

قَالَ لَا تَخَافَا إِنَّنِي مَعَكُمَا أَسْمَعُ وَأَرَىٰ

"তিনি (আল্লাহ) বললেন, "ভয় করো না, নিশ্চয় আমি তোমাদের দুজনের সাথে আছি, সবকিছু শুনছি ও দেখছি।" (২০-সূরা ত্বাহাঃ আয়াত-৪৬)

আমি তোমাদের সাথে আছি, সবকিছু শুন্ছি ও দেখছি, কথাটি সর্বদা মুসলমানের মনে রাখা উচিৎ।

- ২. যখন যাদুকররা তাদের জাদুর রশি ও লাঠি নিক্ষেপ করল তখন সর্বশক্তিমান বললেন-لِا تَخَفُ إِنَّكَ أَنتَ الْأَعْلَىٰ "ভয় করো না, নিশ্চয় তুমিই বিজয়ী হবে।" (২০-সূরা ত্বাহাঃ আয়াত-৬৮)
- ৩. যখন ফেরাউন ও সেনাবাহিনী মূসা (আঃ)-কে ধাওয়া করছিল তখন আল্লাহ্ বলেছিলেন-

"তোমার লাঠি দিয়ে সাগরে আঘাত কর।" (২৬-সূরা আশ শোয়ারাঃ আয়াত-৬৩)

মূসা (আঃ) বললেন-

"কখনো না! নিশ্চয় আমার সাথে আমার প্রভু আছেন, তিনি আমাকে সঠিক পথ-প্রদর্শন করবেন। (২৬-সূরা আশ শোয়ারাঃ আয়াত-৬২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7709

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন